



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

স্মারক নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০২.২৩/১৪৪১

তারিখ: ১৪.০৫.২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর জন্য নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে ০১ (এক) জন **খণ্ডকালীন মেডিক্যাল রিটেইনার (মহিলা)** নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	মেডিক্যাল রিটেইনার	সর্বোচ্চ ৬২ বছর	ক) চিকিৎসা কাজে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক স্বীকৃত মেডিক্যাল কলেজ হতে ন্যূনতম এমবিবিএস ডিগ্রীধারী হতে হবে। মেডিসিন বিষয়ে এফসিপিএস/এমআরসিপি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে; খ) বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদ থাকতে হবে।

শর্তসমূহ:

০১)	ক. মাসিক রিটেইনার ফি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে; খ. সপ্তাহের প্রতি কার্যদিবসে সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত কার্যালয়ে উপস্থিত থেকে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না; গ. প্রয়োজন হলে কর্মচারীবৃন্দ এবং তাঁদের পরিবারের সদস্যগণকে মেডিক্যাল রিটেইনার তাঁর ব্যক্তিগত চেম্বারে চিকিৎসা সেবা প্রদান করবেন এবং এ বাবদ প্রতি ডিজিটের জন্য ২৫০.০০ টাকা ফি কর্পোরেশন হতে প্রাপ্য হবেন; ঘ. প্রতি পঞ্জিকাবর্ষে সর্বোচ্চ ১০ (দশ) দিনের নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবেন; ঙ. নিয়োগের মেয়াদ ০১ (এক) বছর যা শেষ হওয়ার পর নবায়নযোগ্য; এবং চ. রিটেইনারশীপ উভয়পক্ষের ০১ (এক) মাসের নোটিশে বাতিল করা যাবে।
০২)	আগ্রহী মহিলা প্রার্থীগণকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্রের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি, বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদসহ সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং আনুষঙ্গিক কাগজপত্র আগামী ১৫.০৬.২০২৩ তারিখের মধ্যে উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল#১৪), ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(বিভাস সাহা)

উপ-মহাব্যবস্থাপক

অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

ফোন: ০২-২৩৩৫১৮৫৭

ই-মেইল: dgm_admin@icb.gov.bd